গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা।
www.prison.gov.bd

বিষয়ঃ **পাক্ষিক সমন্বয়সভার কাযবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ১৩-২-২০১৯খ্রিঃ বিকাল-৪.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা<br>এসপিপি,এনডিসি,এমফিল, এমপিএইচ<br>কারা মহাপরিদর্শক |

সভাপতি সভার শুরুতে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যে সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে তা নিম্নরুপঃ

| নং | আলোচ্য বিষয় সমূহ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ই-ফাইলিং বাস্তবায়ন: | অতিরিক্ত কারা মহাপরিদর্শক বলেন, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, শাখা থেকে ই-ফাইলিং কার্যক্রম শতভাগ সম্পন্ন করার নির্দেশ থাকলেও তা বাস্তবায়ন করা হচ্ছে না। ই-ফাইলিং কার্যক্রমের সর্বশেষ অগ্রগতির বিষয়ে আইসিটি সেল এর ডেপুটি জেলার জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন শেখ এর নিকট জানতে চাওয়া হলে তিনি বলেন, প্রত্যেক শাখায় ই-ফাইলিং কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য কার্যক্রম অব্যাহত আছে। তারই ধারাবাহিকতায় জানুয়ারি/২০১৯ মাসে শতকরা ৩০% নথিতে উপস্থাপন করা হয়েছে এবং ২৭% পত্র জারি করা হয়েছে। শতভাগ ই-ফাইলিং বাস্তবায়নের নিমিত্তে কোন একটি সেকশনকে ই-ফাইলিং কাজের দায়িত্ব দেয়া যায় কিনা, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শতভাগ ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে কারা অধিদপ্তরে একটি শাখাকে পরিপূর্ণভাবে ই-ফাইলিং কাজের দায়িত্ব দেয়া যায় কিনা সে বিষয়ে নির্ধারণের জন্য সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও আইসিটি সেলের ডেপুটি জেলারকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) এবং ডেপুটি জেলার, আইসিটি সেল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। |
| ২. | আসবাবপত্র ও অন্যান্য মালামাল সরবরাহকরণ; | কারা উপ-মহাপরিদর্শক (সঃদঃ) বলেন কারা সদর দপ্তর ভবন নতুন হলেও কারা অধিদপ্তরে ব্রিটিশ আমলের পুরাতন আসবাবপত্র দিয়ে অফিসে কাজকর্ম করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি বলেন, কারা অধিদপ্তরের পুরাতন আসবাবপত্রের তালিকা তৈরী করে উপস্থাপন,সকল শাখায় ও দপ্তরের পর্দা ও জানালার গ্লাসগুলো পরিষ্কার করা ও প্রাধিকার অনুযায়ী মালামাল ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরের পুরাতন আসবাবপত্রের তালিকা করে নোট আকারে উপস্থাপন এবং যে সকল কক্ষের জানালার পর্দা নেই সে সকল কক্ষের পর্দাগুলো পরিবর্তন করে নতুন পর্দা সংযোজন ও জানালার গ্লাসগুলো পরিষ্কার করা এবং প্রাধিকার অনুযায়ী মালামাল ক্রয় করতঃ সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা এবং ক্রয় ও সরবরাহ শাখা,কারা অধিদপ্তর, ঢাকা। |
| ৩. | কম্পিউটার / প্রিন্টার ক্রয় ; | কারা অধিদপ্তরের পরিসংখ্যান শাখায় একটি প্রিন্টার, সংস্থাপন শাখায় একটি কম্পিউটার এবং ইমারত শাখায় বিদ্যমান কম্পিউটারটি ক্রটি দেখা দেয়ায় উহার পরিবর্তে একটি নতুন কম্পিউটার সরবরাহের জন্য অনুরোধ করেন । এ বিষয়ে সভাপতি চলতি বছর কারা অধিদপ্তর ও কারাগার হতে কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের চাহিদাপত্র সংগ্রহ করে টেন্ডারের মাধ্যমে কম্পিউটার ক্রয়ের পদক্ষেপ গ্রহণ করতে বলেন এবং প্রতিটি কম্পিউটার ও অন্যান্য সকল যন্ত্রাংশ ক্রয়ের তারিখ, প্রাপ্তি, বিতরণ ইত্যাদি শাখায় | এ বছর কারা অধিদপ্তর ও কারাগার হতে কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের চাহিদাপত্র সংগ্রহ করে টেন্ডারের মাধ্যমে ক্রয়ের নির্দেশনা প্রদান করেন এবং প্রতিটি কম্পিউটার,প্রিন্টার ও অন্যান্য সকল যন্ত্রাংশ ক্রয়ের তারিখ, প্রাপ্তি, বিতরণ ইত্যাদি শাখায় বিদ্যমান | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), এবং ডেপুটি জেলার, আইসিটি সেল, প্রশাসন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিদ্যমান রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে নতুন কম্পিউটার ও প্রিন্টার আইসিটি সেল কর্তৃক ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন। | রেজিস্টারে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে নতুন কম্পিউটার ও প্রিন্টার ক্রয়ের কার্যক্রম আইসিটি সেল এ প্রক্রিয়াধীন । এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। | |
| ৪. | রাজশাহীর ব্যান্ড পার্টিদের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ ; | রাজশাহীর ব্যান্ড পার্টিদের জন্য ক্রয়কৃত অত্যাধুনিক যন্ত্রপাতিগুলো ঢাকা বিভাগীয় দপ্তরের নিচে একটি রুমের মধ্যে রাখা হয়েছে। উক্ত যন্ত্রপাতিগুলো ব্যবহার না করায় উহার গুনগতমান ক্রমশঃ হ্রাস পাচ্ছে। এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) বলেন, কারা প্রশিক্ষণ একাডেমি নির্মাণ প্রকল্প, রাজশাহীর জন্য উক্ত যন্ত্রাংশগুলো ক্রয় করা হয়েছে এবং কারা অধিদপ্তর সরবরাহকৃত মালামালগুলো বুঝিয়ে নিয়েছে। যারা ব্যবহার করবে তাদেরকে কাগজে কলমে বুঝিয়ে দিতে হবে। নৌ বাহিনীর সাথে যোগাযোগ করে প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা প্রশিক্ষণ একাডেমি নির্মাণ প্রকল্প, রাজশাহীকে উক্ত মালামালগুলো কাগজে কলমে বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নৌ বাহিনীর সাথে যোগাযোগ করে রাজশাহী ব্যান্ড পার্টির ৬০ সদস্যের ব্যান্ড দলকে প্রশিক্ষণের ব্যবস্থা করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন/প্রশিক্ষণ) এবং ইমারত/প্রশিক্ষণ ও ক্রীড়া শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। |
| ৫. | টেন্ডারের মালামাল রাখার জন্য একটি রুম বরাদ্দকরণ; | ক্রয় ও সরবরাহ শাখার শাখা প্রধান জনাব মোঃ নজরুল ইসলাম টেন্ডার সংক্রান্ত যাবতীয় মালামালগুলো রাখার জন্য কোন কক্ষ না থাকায় উক্ত মালামালগুলো যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে না। মালামালগুলো রাখার জন্য একটি রুম চেয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা এর ভবনটি ৬(ছয়)তলা উর্দ্ধমূখী সম্প্রসারণের কাজ শেষ পর্যায়ে। উক্ত ভবনের কাজ শেষ হলে টেন্ডারের মালামাল সংরক্ষণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যাবে। | কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা এর ভবনটি ৬(ছয়) তলা উর্দ্ধমূখী সম্প্রসারণের কাজ শেষ হলে টেন্ডারের মালামাল সংরক্ষণের জন্য একটি রুম বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ/উন্নয়ন) এবং ইমারত/ক্রয় ও সরবরাহ শাখা। |
| ৬. | প্রশাসনিক কাজের স্বার্থে মোটর সাইকেল ক্রয় । | কারা অধিদপ্তরের প্রশাসনিক কাজের স্বার্থে বর্তমানে ০৩ টি মোটর সাইকেল রয়েছে। ০২ টি মোটর সাইকেল রাজস্বভুক্ত অন্যটি প্রকল্পের । তিনটি মোটরসাইকেলই অতি পুরাতন। ০১টি মোটর সাইকেল কনডেম করার প্রস্তাব বিআরটিসি, কনডেমনেশন শাখা, সেগুন বাগিচা,ঢাকায় প্রেরণ করা হলে উক্ত দপ্তর হতে জানান যে, মোটর সাইকেলটি সচল রয়েছে। উহা মেরামত করে চালানো লাভজনক হবে । ফলে কনডেম করা সম্ভব হয়নি। পুরাতন মোটর সাইকেলগুলো মেরামত করে সচল রাখা হচ্ছে। প্রশাসনিক কাজের স্বার্থে কারা অধিদপ্তরের জন্য একটি নতুন মোটর সাইকেল ও আইসিটি শাখার জন্য একটি নতুন মোটর সাইকেল ক্রয়ের প্রস্তাবের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনা করা হয়। | সকল কারাগারে রাজস্ব খাতে মোটর সাইকেলগুলো বর্তমানে কি অবস্থায় রয়েছে তার সর্বশেষ তথ্য কারাগার থেকে সংগ্রহ করে এগুলোর মধ্যে কোন মোটর সাইকেল কনডেম করা হবে কিনা তা বিধি মোতাবেক কনডেম ঘোষণা করে নতুন মোটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন/অর্থ) এবং প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা/ক্রয় ও সরবরাহ শাখা। |
| ৭. | টেলিফোনের মাধ্যমে তথ্য সংগ্রহকরণ ; | কারা অধিদপ্তরের প্রতিটি শাখার কোন চিঠি কারাগার অথবা অন্য কোন সংস্থা হতে না আসলে অথবা কোন তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সেগুলো টেলিফোনের মাধ্যমে সংগ্রহ করার জন্য সকলকে নির্দেশ প্রদান করেন। উহার প্রেক্ষিতে কতিপয় শাখা হতে শাখা প্রধান সভাপতিকে বলেন, কারাগার হতে তথ্য সংগ্রহের জন্য নিজস্ব মোবাইল দ্বারা তথ্য সংগ্রহ করলে ব্যক্তিগত অনেক টাকা ব্যয় হয়। কারাগার অথবা অন্যান্য সংস্থা হতে বিভিন্ন তথ্য | মোবাইলে তথ্য সংগ্রহের জন্য চাহিদা অনুযায়ী কি পরিমান টাকা প্রদান করা যায় এ বিষয়ে বিস্তারিত উল্লেখ করে নোট আকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), এবং ডেপুটি জেলার, পিএসইউ, কারা অধিদপ্তর, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংগ্রহের জন্য প্রত্যেক শাখা প্রধানকে নূন্যতম কিছু টাকা মোবাইলে আপলোড করা যায় কিনা এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, কোন কোন পর্যায়ে কাকে কত টাকা প্রদান করা হয় তার তালিকাসহ প্রতি শাখায় কাজের গুরুত্ব বিবেচনা করে প্রত্যেক শাখার শাখা প্রধান, প্রশাসনিক কর্মকর্তা-২,বাজেট অফিসার এবং পরিসংখ্যানবিদ এর মোবাইলে তথ্য সংগ্রহের জন্য কি পরিমাণ টাকা প্রদান করা হবে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ৮. | বাথরুমে কমোড এর পাশাপাশি প্যান স্থাপন ; | কারা অধিদপ্তরে ১ম, ২য় ও ৪র্থ তলায় বাথরুমে হাইকমোড স্থাপন করা হয়েছে। হাইকমোড ব্যবহারে অসুবিধা হওয়ায় প্রতিটি ফ্লোরে ১টি বাথরুমে হাইকমোড এর পাশাপাশি প্যান স্থাপনের বিষয়ে কারা অধিদপ্তরের অফিস সহকারী জনাব আমির আলী শিকদার এর আবেদনের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনা করা হয়। | ১ম, ২য় ও ৪র্থ তলায় ১টি বাথরুমে হাইকমোডের পাশাপাশি প্যান স্থাপন অথবা একাধিক হাইকমোড থাকলে একটি হাইকমোড পরিবর্তে একটি প্যান স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) এবং ইমারত শাখা, কারা অধিদপ্তর ,ঢাকা। |
| ৯. | কারা ভবনের সামনের রাস্তায় স্পিড ব্রেকার স্থাপন। | কারা অধিদপ্তরসহ বিপরীত পাশে আবাসিক ভবনে অনেক লোকজন বসবাস করে। তাদের চলাচলের জন্য কারা সদর দপ্তরের সামনের প্রধান সড়ক পারাপার হতে হয়। উক্ত রাস্তা পারাপারের জন্য কোন স্পিড ব্রেকার নেই। যে কোন মূহুর্তে দুর্ঘনা ঘটতে পারে। নিরাপদ চলাচলের জন্য কারা ভবনের সামনে দু'পাশে দুটি স্পিড ব্রেকার স্থাপন করার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে দ্রুততম সময়ের মধ্যে স্পিড ব্রেকার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) এবং ইমারত শাখা, কারা অধিদপ্তর ,ঢাকা। |
| ১০. | অনার বোর্ড স্থাপনঃ | কারা অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২ এর দপ্তরে অনার বোর্ড স্থাপন করা হয়েছে। অপর দু'জন কর্মকর্তা পরিসংখ্যানবিদ ও বাজেট অফিসার এর দপ্তরে অনার বোর্ড স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয় কর্তৃক সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়। | প্রশাসনিক কর্মকর্তার দপ্তরের অনার বোর্ডের ন্যায় অপর দু'জন কর্মকর্তা পরিসংখ্যানবিদ ও বাজেট অফিসার এর দপ্তরে অনার বোর্ড স্থাপনের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) , প্রশাসনিক কর্মকর্তা এবং প্রশাসন শাখা ,কারা অধিদপ্তর, ঢাকা। |
| ১১. | চিঠিপত্র সঠিক ভাবে স্বাক্ষর না করা; | কারা অধিদপ্তর হতে যে সমস্ত চিঠিপত্র কারাগারসহ অন্যান্য সংস্থায় প্রেরণ করা হয় সে সমস্ত চিঠিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ না করে নিম্নপদস্থ কর্মকর্তার স্বাক্ষরান্তে চিঠিপত্র প্রেরণ করা হয়। উক্ত চিঠির অতিরিক্ত কপিতে উর্দ্ধতন কর্মকর্তাকেও স্বাক্ষর করানো হয়না । ফলে বিভিন্ন সংস্থা হতে উক্ত চিঠির বিষয়ে কোন তথ্য জানতে চাইলে উর্দ্ধতন কর্মকর্তা কোন তথ্য জানাতে পারেননা। এ বিষয়ে বিভিন্ন দপ্তর হতে অভিযোগ পাওয়া যায় মর্মে কারা উপমহাপরিদর্শক(সংদঃ) কর্তৃক সভায় উত্থাপন করা হয়। তা ছাড়া কোন ধরণের চিঠিতে কোন কোন কর্মকর্তা স্বাক্ষর করবেন তার কোন নীতিমালা নেই । যার ফলে যে যখন মন চায় সেই চিঠিতে স্বাক্ষর করেন এতে কারা প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়। কাজের লোড কমানোর জন্য কোন কোন চিঠি কোন কোন কর্মকর্তা স্বাক্ষর করবেন তার নীতিমালা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কোন ধরণের চিঠিতে কোন কোন কর্মকর্তা স্বাক্ষর করবেন তার নীতিমালা তৈরিকরণ এবং সরকারি কাজে বাংলা বানানের সঠিকতা নিরুপন করে চিঠিপত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | কারা উপ-মহা পরিদর্শক(সংদঃ) , সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন /অর্থ/প্রশিক্ষণ/উন্নয়ন) এবং প্রশাসনিক কর্মকর্তা কারা অধিদপ্তর, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | কারা পরিবারের ছেলে মেয়েদের ভাল ফলাফল প্রাপ্তির কারণে সংবর্ধনা প্রদান; | কারা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ছেলে মেয়েদের মধ্যে যারা এসএসসি ও জেএসসিতে GPA-5 প্রাপ্ত হয়েছে তাদের সংবর্ধনা প্রদানের বিষয়ে কতিপয় কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন এটা একটা ভাল প্রস্তাব। প্রতি বছর ভাল রেজাল্ট করা ছেলে মেয়েদেরকে সংবর্ধনা প্রদান করলে তারা খুশি হবেন এবং আরো লেখাপড়া করার উৎসাহ পাবেন। এ বিষয়ে কারা বিভাগের সকল ছেলে মেয়েদের একসাথে সংবর্ধনার আয়োজন করা যায় কিনা এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কারা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ছেলে মেয়েদের মধ্যে যারা ভাল রেজাল্ট নিয়ে এসএসসি ও জেএসসিতে উত্তীর্ণ হয়েছেন তাদের সংবর্ধনা কারা অধিদপ্তর হতে প্রদানের এবং কারাগারসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ছেলে মেয়েদের মধ্যে যারা ভাল রেজাল্ট নিয়ে এসএসসি ও জেএসসিতে উত্তীর্ণ হয়েছেন তাদের সংবর্ধনা স্ব-স্ব বিভাগীয় কার্যালয় হতে প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা এবং সংস্থাপন-১ শাখা ,কারা অধিদপ্তর, ঢাকা। |

পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠা ও দায়িত্ব নিয়ে দাপ্তরিক কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ কে এম মোস্তফা কামাল পাশা
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৭.১৭-৫৩০

তারিখ ঃ ২৮ ফাল্গুন' ১৪২৫ বঙ্গাঃ
১২ মার্চ'২০১৯ খ্রিঃ

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-

১। কারা উপ-মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স সিকিউরিটি ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৯। গার্ড ফাইল।

মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

F:\03. Minstry-Directorate\024(Darber).doc